

শোকগ্রস্থ উচ্চারণ  
হাসানআল আব্দুল্লাহ

হাইওয়ের পাশের সুবিস্তীর্ণ ভূটা ক্ষেতের প্রতিটি ডগা  
একত্রে বললো  
শামসুর রাহমান নেই

রাগি রোদের কণারা আমার গাড়ীর জানালায়  
স্বজন হারানো শোকে বিহ্বল, বললো  
শামসুর রাহমান নেই

ভর দুপুরের হাজারও যান ছুটে যেতে যেতে  
সশব্দে বললো  
শামসুর রাহমান নেই

দিগন্তের একপ্রান্ত থেকে অন্যপ্রান্তে  
বয়ে চলা সুবিশাল সড়কগুলো বললো  
শামসুর রাহমান নেই

শেঁা শেঁা বাতাস স্রোতের মতো এলোপাথাড়ি আছড়ে পড়ে  
আর্তনাদে বিদীর্ণ, বললো  
শামসুর রাহমান নেই

আমার গাড়ির ইঞ্জিনের প্রতিটি পার্টস  
ঝনঝন করে উঠলো, বললো  
শামসুর রাহমান নেই

দু'ফোটা চোখের জলে ভরে উঠলো চোঁদিক  
ঝাপসা দৃষ্টিতে উইন্ডশিল্ডের মাঝ দিয়ে  
দেখলাম ছেঁড়া ছেঁড়া মেঘও কাঁদছে  
শামসুর রাহমান নেই

আগষ্টে আরও একটি শোকের দিন তৈরী হলো  
সতেরো তারিখ কাঁদতে কাঁদতে আমাকে শোনালো  
শামসুর রাহমান নেই

পৃথিবীর এপার ওপার এক চেউ  
শামসুর রাহমান নেই

০৮.১৭.০৬  
অ্যালমায়রা, নিউইয়র্ক

